



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৮

২৫ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: এডহক কমিটিতে শিক্ষক প্রতিনিধি এবং অভিভাবক প্রতিনিধি মনোনয়ন বিষয়ে নতুন পদ্ধতি অনুসরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে এডহক কমিটি অনুমোদনের লক্ষ্যে একজন শিক্ষক প্রতিনিধি এবং একজন অভিভাবক প্রতিনিধি মনোনয়ন পদ্ধতি সহজীকরণ/আধুনিকায়ন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নতুন পদ্ধতি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানের করণীয়

- ১। শিক্ষা প্রতিষ্ঠান যশোর শিক্ষা বোর্ডের সফটওয়্যারে এডহক কমিটির আবেদন করার সময় শিক্ষক সদস্য এবং অভিভাবক সদস্য মনোনয়নকারীর (জেলা শিক্ষা অফিসার/মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার(UNO) এর মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা নির্ধারিত স্থানে এন্ট্রি করে আবেদন সাবমিট করবে।
- ২। আবেদনের ফি পেমেন্ট সম্পন্ন হলে সফটওয়্যার থেকে স্বয়ংক্রিয়ভাবে উক্ত মোবাইল নম্বরে আইডি, পাসওয়ার্ড ও লিঙ্ক সংবলিত একটি এসএমএস যাবে।

মনোনয়নকারীর (জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার(UNO) এবং জেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার এর করণীয়

- ১। মনোনয়নকারী এসএমএস-এ প্রাপ্ত লিঙ্ক (www.jessoreboard.gov.bd/member) এ ভিজিট করবেন।
- ২। এসএমএস এ প্রাপ্ত আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করবেন।
- ৩। লগইন করার পর ছকে কমিটির শিক্ষক প্রতিনিধি বা অভিভাবক প্রতিনিধির তথ্য এন্ট্রি করে “Submit” বাটনে ক্লিক করে তথ্য সাবমিট করবেন।

২৫-৭-২০২১
ড. মোল্লা আমীর হোসেন
চেয়ারম্যান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) জেলা প্রশাসক, ঝিনাইদহ/যশোর/খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/মাগুরা/কুষ্টিয়া/নড়াইল/মেহেরপুর/চুয়াডাঙ্গা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, খুলনা বিভাগের সকল উপজেলা
- ৩) জেলা শিক্ষা অফিসার, খুলনা বিভাগের সকল জেলা
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
- ৫) কলেজ পরিদর্শক, কলেজ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) বিদ্যালয় পরিদর্শক, বিদ্যালয় বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭) একান্ত সচিব (ভারপ্রাপ্ত), চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর